# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

উনবিংশ বর্ষ (প্রথম সংখ্যা)    ফেব্রুয়ারি ২০০৮

*Go on doing good, thinking holy thoughts continuously, that is the only way to suppress base impressions. Never say any man is hopeless, because he only represents a character, a bundle of habits, which can be checked by new and better ones. Character is repeated habits and repeated habits alone can reform character.*

*—Swami Vivekananda*



## সম্পাদকীয়

'বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা' এবারে উনবিংশ বর্ষে পদার্পণ করল, এটি তার প্রথম সংখ্যা। পূর্বে প্রকাশিত সংখ্যাগুলির মত বর্তমান সংখ্যাটিও বিদ্যামন্দির ও প্রাক্তনীসংসদ সংক্রান্ত বহু নতুন সচিত্র তথ্য বহন করে নিয়ে যাবে প্রাক্তনীদের নিকট।

আজ সমাজের বিভিন্ন ক্ষেত্রে মূল্যবোধের অবক্ষয় প্রতিফলিত। এ অবক্ষয় দেখা যায় মানুষের চিন্তায় ও আচরণে, বেশভূষায় ও কর্মপদ্ধতিতে। আমরা চিন্তিত, আমরা উদ্বিগ্ন। মূল্যবোধের অবক্ষয়ের এই ধারা যদি অব্যাহত থাকে তাহলে সমাজে নির্ঘাত দেখা দেবে বিশৃঙ্খলা, যার পরিণতিতে হবে সমাজের অধঃপতন ও বিপর্যয়। এই অধঃপতন আসে লোভ, দুর্নীতি, ক্ষমতা-লিপ্সা, রেষারেষি ও হানাহানির মাধ্যমে।

এ বিষয়ে সচেতন ও সতর্ক থাকা উচিত সকল নাগরিকের, বিশেষ করে অভিভাবক, শিক্ষক, চিকিৎসক, সরকারী ও বেসরকারী কর্মী, ব্যবসায়ী ও রাজনৈতিক নেতৃবৃন্দ—সকলের। বয়স্ক নাগরিকদের অধিকাংশই যেমন নিজ নিজ ক্ষুদ্র সংসারের অভিভাবক, তেমনই রাজনৈতিক নেতৃবৃন্দও তাদের নিজ নিজ রাজ্যের বা তাদের দেশের সমস্ত নাগরিকের অভিভাবক।

সুকুমারমতি বালক-বালিকাদের ও স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে মূল্যবোধ সঞ্চারণের ক্ষেত্রে যেমন থাকে পিতামাতা ও অভিভাবকদের গুরুত্বপূর্ণ ভূমিকা, তেমনই শক্তিশালী ও প্রভাবশালী গণমাধ্যমের যুগে রাজনৈতিক নেতৃবৃন্দের ভূমিকাও হয়ে ওঠে ততোধিক গুরুত্বপূর্ণ। সংবাদপত্রে তাদের বক্তব্য বড় বড় হরফে প্রকাশিত হয়, দূরদর্শনের পর্দায় তাদের ভাষণরত বা কর্মরত চেহারা প্রদর্শিত হয়। বইতে বা সংবাদপত্রে কোন জিনিষ পড়ে মানুষের মনের উপর যা প্রভাব পড়ে তার চাইতে অনেক বেশী প্রভাব পড়ে যদি সেই জিনিষ স্বকর্ণে শোনা যায় বা স্বচক্ষে দেখা যায়। সুতরাং সমাজকে অবক্ষয়ের হাত থেকে বাঁচাতে হলে, ছাত্রছাত্রী ও বালকবালিকাদের মধ্যে মূল্যবোধ সঞ্চার করতে হলে গৃহস্থ অভিভাবকদের সাথে সাথে অন্য গোত্রের অভিভাবকদেরও সতর্ক, সচেতন ও দায়িত্বশীল থাকা উচিত সমানভাবে।

—নিত্যনিরঞ্জন কুণ্ডু
(সম্পাদক, প্রাক্তনীবার্তা)

# শ্রদ্ধাঞ্জলি

গভীর দুঃখের সঙ্গে জানাই বিদ্যামন্দির পরিবারের প্রাক্তন সদস্য রামকৃষ্ণ-বিবেকানন্দ সেন্টার নিউইয়র্ক-এর অধ্যক্ষ স্বামী আদীশ্বরানন্দজী (অনিল মহারাজ) ৮২ বছর বয়সে গত ৩১শে অক্টোবর ২০০৭ মাউন্ট সিনাই হসপিটাল অ্যাণ্ড মেডিকেল সেন্টার, নিউ ইয়র্ক-এ পরলোক গমন করেন। ২৯শে অক্টোবর তাঁর মস্তিষ্কে রক্তক্ষরণ শুরু হয় এবং প্রায় সঙ্গে সঙ্গেই অজ্ঞান হয়ে পড়েন। ঐ অবস্থায় তাঁকে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়, কিন্তু চিকিৎসকদের সব রকম চেষ্টা সত্ত্বেও তাঁর জ্ঞান ফেরেনি। ৩১শে অক্টোবর তিনি দেহত্যাগ করেন।

মহারাজের জন্ম ১৯২৫ খ্রীস্টাব্দের মে মাসে বর্তমান পূর্ব মেদিনীপুর জেলার একটি গ্রামে। পূর্বাশ্রমে তাঁর নাম ছিল শ্রী অনিল কুমার চক্রবর্ত্তী। স্কুল কলেজে যথারীতি শিক্ষালাভ করে অর্থনীতিতে তিনি এম. এ. পাশ করেন কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এবং বার্মাশেলে কিছুদিন চাকরীও করেন। পরে সাধু হওয়ার সংকল্প নিয়ে তিনি ১৯৫৪ খ্রীস্টাব্দে বেলুড়মঠে যোগদান করেন।

পূজ্যপাদ স্বামী শংকরানন্দজীর মন্ত্রশিষ্য অনিল মহারাজের সঙ্ঘজীবনের প্রথম পর্বের সূচনা হয় বিদ্যামন্দিরেই ১৯৫৪ সালে। এখানে তিনি কলেজে অধ্যাপনা এবং একটি ছাত্রাবাসের অধীক্ষকের দায়িত্ব পালন করেন। অতি উচ্চ নীতিনিষ্ঠ, গম্ভীর চরিত্রের মহারাজ ছাত্রদের শৃঙ্খলাপরায়ণ ও উন্নত চরিত্রের অধিকারী হতে প্রভূত সাহায্য করেছেন। ১৯৬৩-তে তিনি পূজ্যপাদ স্বামী মাধবানন্দজীর নিকট সন্ন্যাসদীক্ষা লাভ করেন।

এরপর ১৯৬৩ থেকে ১৯৭৩ পর্যন্ত তিনি মায়াবতীতে অদ্বৈত আশ্রমে স্বামী বিবেকানন্দ প্রবর্তিত রামকৃষ্ণ মঠ ও মিশনের মাসিক ইংরাজী পত্রিকা 'প্রবুদ্ধ ভারত'-এর সংযুক্ত সম্পাদক হিসাবে সুনামের সঙ্গে কাজ করেন।

মহারাজের জীবনের শেষ পর্যায় কাটে বিদেশে—নিউইয়র্ক রামকৃষ্ণ বিবেকানন্দ সেন্টারে। এখানে তিনি প্রথমে সুপ্রসিদ্ধ লেখক ও বক্তা স্বামী নিখিলানন্দজীর সহযোগী কর্মী ছিলেন। স্বামী নিখিলানন্দজীর প্রয়াণের পর তিনি উক্ত সেন্টারের মিনিষ্টার-ইন-চার্জ (অধ্যক্ষ) নিযুক্ত হন এবং দীর্ঘ ৩৪ বৎসর কাল আমৃত্যু ঐ পদে বৃত থেকে বহু ভক্তের আধ্যাত্মিক পিপাসা মেটান। সুবক্তা, সুলেখক, উচ্চ আধ্যাত্মিক চিন্তাশীল মহারাজ বহু ভক্তের মন্ত্রদীক্ষাগুরু ও উত্তম উপদেষ্টা ছিলেন। সহস্র দ্বীপোদ্যানে ভক্তদের নিয়ে প্রায় প্রতিবছরই Retreat করতে যেতেন। তাঁর লিখিত বৃহৎ পুস্তক 'Meditation' তাঁর উচ্চ আধ্যাত্মিক জ্ঞানের পরিচয় বহন করে।

আদীশ্বরানন্দজী Global Forum of Spiritual and Parliamentary Leaders for Human Survival (New York City)-র একজন প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। এছাড়া তিনি জার্মানির পটস্‌ড্যাম এবং বার্লিন বিশ্ববিদ্যালয়ের International Peace University-র আন্তর্জাতিক উপদেষ্টা পরিষদের সংগেও যুক্ত ছিলেন। রামকৃষ্ণ বিবেকানন্দ ভাবাদর্শে নিবেদিতপ্রাণ, দরদী, উচ্চ আধ্যাত্মিক জ্ঞানসমৃদ্ধ এই সন্ন্যাসীর চরণে আমাদের সশ্রদ্ধ প্রণাম নিবেদন করি। পরলোকে তাঁর বিদেহী আত্মা পরম শান্তিলাভ করুক—এই প্রার্থনা।

**স্বামী শ্রীনিবাসানন্দ**

(বিদ্যামন্দির কলেজ অফিস এবং ছাত্রাবাসের ভূতপূর্ব অধীক্ষক)

# একটি বিনম্র আবেদন

মাননীয় ও প্রিয় প্রাক্তনী,

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ তার প্রতিষ্ঠালগ্ন থেকেই চেষ্টা করে চলেছে সাধ্যমত বিদ্যামন্দিরের সেবাকার্যে নিজেকে নিয়োজিত করার। আমাদের সাধ অফুরন্ত, সাধ্য সীমিত। এবার আমরা সেই সাধ্যের সীমাই বাড়াতে চাই। ইতিমধ্যেই বিদ্যামন্দিরে পানীয় জল পরিশোধনের প্রকল্পে প্রাক্তনী সংসদ মোট আটটি অ্যাকোয়াগার্ড যন্ত্র বসিয়েছে। বিদ্যামন্দিরের ছাত্রদের সামান্য আর্থিক সাহায্যও দেওয়া হচ্ছে। আমরা চাই বিদ্যামন্দির প্রাক্তনীরা আমাদের গৃহীত নিম্নলিখিত প্রকল্পগুলিতে মুক্তহস্তে দান করুন, যাতে আমরা বিদ্যামন্দিরের নানাবিধ কার্যে নিজেদের সম্পৃক্ত করে নিজেদেরকেই ধন্য করতে পারি।

**প্রকল্প ১। বিবেকানন্দ সম্মেলন ঃ** বিগত ১৩ বছর ধরে এই প্রকল্পটি রূপায়িত হয়ে চলেছে। প্রত্যেক বছর আমরা পশ্চিমবঙ্গের একটি জেলাকে বেছে নিয়ে স্বামী বিবেকানন্দের মূল্যবোধভিত্তিক শিক্ষার ধারণা সেখানকার ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও বাবা-মায়েদের কাছে পৌঁছে দেওয়ার জন্যে নানা সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করি এবং সবশেষে যুব সম্মেলন ও শিক্ষক সম্মেলনেরও আয়োজন করা হয়। একটা সময় বেশ কিছুদিন সরকারী সাহায্য পাওয়া গেলেও এখন তা অনিশ্চিত হয়ে পড়েছে। এমতাবস্থায় এই চমৎকার ও জনপ্রিয় প্রকল্পটিকে চালু রাখার জন্যে প্রাক্তনী সংসদ ১২ লাখ টাকার একটি ফাণ্ড গঠন করতে আগ্রহী। এর ফলে এই সম্মেলনের খরচ প্রাক্তনী সংসদ অনেকটা বহন করতে পারবে।

**প্রকল্প ২। প্রাক্তনী বার্তা ঃ** প্রাক্তনী সংসদের কার্যকলাপ বিধৃত এই বার্তাপত্রটি আমরা বছরে দুবার আপনাদের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টা করছি। কিন্তু এর মুদ্রণ খরচও ক্রমবর্ধমান। এই ব্যয়ের অনেকটা নির্বাহ করেন বিশিষ্ট প্রাক্তনী শ্রী সুব্রত গাঙ্গুলী এবং কখনও কখনও তাতে আরও সাহায্য করেছেন ডাঃ ধীমান গাঙ্গুলী। তাঁদের সহায়তা আমরা কৃতজ্ঞচিত্তে স্মরণ করি। কিন্তু এর জন্যেও আমরা একটি ৩ লক্ষ টাকার ফাণ্ড গঠন করতে চাই, যাতে কোন সময়েই এটির প্রকাশনায় কোন ব্যাঘাত না আসে।

**প্রকল্প ৩। দরিদ্র ছাত্রদের আর্থিক অনুদান ঃ** অনেক প্রাক্তনীই এ ক্ষেত্রে ব্যক্তিগত পর্যায়ে বিদ্যামন্দিরে পাঠরত ছাত্রদের আর্থিক সহায়তা করে থাকেন। প্রাক্তনী সংসদও যে করে তাও আমরা উল্লেখ করেছি। কিন্তু প্রয়োজনের তুলনায় আমাদের এ সহায়তা বড় কম বোধ হচ্ছে। বিদ্যামন্দিরে বহু দরিদ্র পরিবারের ছাত্র পড়াশুনা করতে আসে। এই বিষয়টি মাথায় রেখেই আমরা অন্তত ১২ লাখ টাকার একটি ফাণ্ড গঠন করতে চাই।

**প্রকল্প ৪। আয়রন ফ্রি ব্যবহার্য জল সরবরাহ ঃ** বিদ্যামন্দিরে পানীয় জল ব্যতীত স্নানাদির জন্যে ব্যবহৃত জলে আয়রন এখন প্রচুর পরিমাণে উঠে আসছে। এ বিষয়ে নাগপুরের একটি বিশিষ্ট সংস্থায় জল পরীক্ষাও করানো হয়েছে। বিদ্যামন্দিরের নির্মাণ ও সংরক্ষণ কার্যের দায়িত্বে থাকা স্বামী যজ্ঞধরানন্দজী মহারাজ এই ব্যাপারে যথাসম্ভব যোগাযোগ করে একটি আনুমানিক খরচের হিসাব আমাদের দিয়েছেন। এটির পরিমাণ প্রায় ১৬ লাখ টাকা। এটি অবশ্য আমরা কোন ফাণ্ড হিসেবে রাখব না।

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

(ক) উপরের যে কোন প্রকল্পে অনুদান যাঁরা পাঠাবেন, তাঁদের অনুরোধ, একটি চিঠিতে জানিয়ে দেবেন কোন্ প্রকল্পে আপনি অনুদান পাঠাচ্ছেন।

(খ) **চেক্ বা ড্রাফ্ট "Ramakrishna Mission Vidyamandira Alumni Association" নামে পাঠাতে হবে।**

(গ) কোন বিশেষ স্মৃতিতে যদি অনুদান পাঠাতে চান, সেটিও আপনার পাঠানো চিঠিতে উল্লেখ করে দেবেন।

আমরা সমস্ত প্রাক্তনী ও শুভানুধ্যায়ীদের কাছে বারবার অনুরোধ জানাই এই মহৎ প্রকল্পগুলির রূপায়ণে আপনারা সাধ্যমত এগিয়ে আসুন। প্রকল্পগুলি সম্পর্কে অথবা এ বিষয়ে অন্য যে কোন তথ্য যদি আপনারা জানতে চান, তাহলে বিদ্যামন্দিরের উপাধ্যক্ষ (কার্যনির্বাহী) এবং বর্তমানে প্রাক্তনী সংসদের অন্যতম যুগ্ম সম্পাদক স্বামী শাস্ত্রজ্ঞানন্দজীর কাছে সরাসরি টেলিফোন বা ই-মেলের মাধ্যমে জানতে পারেন। মহারাজের সঙ্গে যোগাযোগের জন্যে ফোন নাম্বার ঃ ৯৪৩২০৯০৮৮৯; অথবা ই-মেলে যোগাযোগ করতে পারেন— vidyamandira@vsnl.net

**মনোজ কুমার ভট্টাচার্য**

## বীরেন্দ্র পুরস্কারে সম্মানিত প্রাক্তনী

২০০৭-এ বীরেন্দ্র পুরস্কারে সম্মানিত হলেন বিদ্যামন্দিরের প্রাক্তনী শ্রী বিশ্বনাথ গরাই (১৯৭০-৭৩) তাঁর 'ধ্বনি ধুলোর ঋণে' কাব্যগ্রন্থের জন্য। ২০০৪-এ নান্দিমুখ সংসদ থেকে প্রকাশিত হয় তাঁর এই কাব্যগ্রন্থটি। গত ২ সেপ্টেম্বর ২০০৭, প্রয়াত কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের ৮৮তম জন্মদিনে বিশ্বনাথ গরাই-এর হাতে পুরস্কার তুলে দেন একালের বাংলা কবিতার অগ্রজ ব্যক্তিত্ব বিশিষ্ট কবি অলোক সরকার। শিশিরমঞ্চে আয়োজিত স্মরণসন্ধ্যায় গ্রামের শিকড়ে গাঁথা এই কবির স্বতন্ত্র কণ্ঠস্বরকে অভিনন্দিত করেন উপস্থিত কবি ও বিদ্বজ্জনেরা। এই সম্মাননায় আমরাও গর্বিত। বিদ্যামন্দির পরিবারের পক্ষ থেকে কবিকে আমাদের আন্তরিক ভালবাসা ও অভিনন্দন।

## প্রাক্তনী সংসদ সমাচার

"কর্ম কর, কর্ম, হাম আওর কুছ নেহি মাঙ্গতে হে—কর্ম, কর্ম, কর্ম—দুর্বলগুলোকে কর্মবীর, মহাবীর হতে হবে—টাকার জন্যে ভয় নেই, টাকা উড়ে আসবে।" অর্থের প্রত্যাশায় বসে থাকা দুর্বলচিত্ত মানুষের কাছে স্বামীজীর এই বাণী এক নতুন জীবনের মন্ত্র। আমরা যারা বিদ্যামন্দিরে পড়াশুনা করে আজ বাইরের জগতে এসে দাঁড়িয়েছি, নিজেদের বৃত্তের বাইরে কিছু করার ক্ষেত্রে এই কথাগুলি তাদের কাছে একান্ত প্রেরণাস্থল হয়ে দাঁড়াতেই পারে। বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ নানাভাবে চেষ্টা করে চলেছে তার সীমিত সামর্থ্যের মধ্যেই নিজেদের বৃত্তের বাইরে একটা অন্য জগৎ তৈরী করতে।

**সাঁপুইপাড়া স্বাস্থ্য প্রকল্প ঃ** সপ্তাহে একদিন করে নিয়মিতভাবেই চিকিৎসক রোগীদের দেখছেন। ইতিমধ্যেই সংসদের পক্ষ থেকে সম্পাদক ও যুগ্ম সম্পাদকদ্বয়ের উদ্যোগে দুবার এই প্রকল্পে যাওয়া হয় এবং এর সম্পর্কে নানারকম খোঁজখবর নেওয়া হয়। প্রতি সপ্তাহে শনিবার একদিন করে কেন্দ্রটি খোলা থাকে এবং গড়ে ১৫-২০ জন রোগী হয়। শ্রী উদয়ন গাঙ্গুলী, শ্রী সত্যব্রত পাল, শ্রী গণেশ চন্দ্র পাল প্রমুখ প্রাক্তনীরা এই প্রকল্পে অর্থ সাহায্য করে একে আরও সমৃদ্ধ করে চলেছেন।

**বিবেকানন্দ সম্মেলন ঃ** ২০০৭-২০০৮ বর্ষের বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হয়ে গেল পুরুলিয়া জেলায়। এই সম্মেলন সম্পর্কে একটি স্বতন্ত্র প্রতিবেদন এবারের প্রাক্তনী বার্তাতেই আপনারা পেয়ে যাবেন। তাই এখানে আর সে সংক্রান্ত বিস্তারিত বিবরণ দেওয়া হল না।

**রাণী রাসমণি স্মারক বক্তৃতা ঃ** গত ১৫ আগস্ট ২০০৭ তারিখে বিদ্যামন্দিরের বিবেকানন্দ সভাগৃহে এই স্মারক বক্তৃতা অনুষ্ঠিত হয়। এবারের বক্তা ছিলেন রামকৃষ্ণ মিশন ইন্‌স্টিটিউট অব্ কালচারের বিশিষ্ট সন্ন্যাসী স্বামী ঋতানন্দজী মহারাজ। তিনি রামকৃষ্ণ-বিবেকানন্দ ভাবান্দোলনে ম্যাক্‌লাউডের ভূমিকা নিয়ে একটি চমৎকার তথ্যসমৃদ্ধ বক্তব্য পরিবেশন করেন।

**বার্ষিক সাধারণ সভা ঃ** বিদ্যামন্দিরের বিবেকানন্দ হলে সংসদের বিংশতিতম বার্ষিক সাধারণ সভা সম্পন্ন হল। সভায় সভাপতিত্ব করেন ডঃ সচ্চিদানন্দ ধর। সম্পাদক শ্রী মনোজ কুমার ভট্টাচার্য ২০০৬-২০০৭ অর্থবর্ষের সংসদের কর্মধারার একটি বিস্তৃত প্রতিবেদন উপস্থাপিত করেন। কোষাধ্যক্ষ শ্রী শুভজিৎ দত্ত এই সময়কালীন সংসদের পরীক্ষিত আয়-ব্যয়ের হিসেব-নিকেশ দাখিল করেন। উভয় বিষয়ই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এছাড়া সংসদের নানাবিধ কর্মকাণ্ডের ওপর আলোচনায় অংশ নেন সদস্যরা।

**স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা ঃ** ১ সেপ্টেম্বর ২০০৭ তারিখে বিবেকানন্দ সভাগৃহে আয়োজিত এই স্মারক বক্তৃতায় এবারে এসেছিলেন রামকৃষ্ণ মঠ, বাগবাজারের অধ্যক্ষ শ্রীমৎ স্বামী মুমুক্ষানন্দজী মহারাজ। পূজনীয় মহারাজের বক্তব্যের বিষয় ছিল ঃ শ্রীরামকৃষ্ণ ও ভারতীয় সাংস্কৃতিক ঐতিহ্য। প্রারম্ভিক বক্তব্য রাখেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের সম্পাদক শ্রীমৎ স্বামী গিরিশানন্দজী মহারাজ।

**আর্থিক সাহায্য ঃ** ২০০৭-২০০৮ বর্ষে প্রাক্তনী সংসদ থেকে বিদ্যামন্দিরে পাঠরত নিম্নলিখিত ছাত্রবৃন্দকে স্বামী ধ্যানাত্মানন্দ-স্বামী বিমুক্তানন্দ-আশা-জ্যোতি স্কলারশিপ দেওয়া হয়েছে।

| | | |
|---|---|---|
| সোমনাথ বিশ্বাস | — | ৩০০০.০০ |
| নারায়ণ পাল | — | ৩০০০.০০ |
| শ্যামানন্দ চক্রবর্ত্তী | — | ৪০০০.০০ |
| মৃণাল কর্মকার | — | ৪০০০.০০ |

এছাড়াও বিদ্যামন্দির থেকে ২০০৭ সালে উত্তীর্ণ সাম্মানিক বাংলার ছাত্র পরিতোষ মণ্ডলকে তার উচ্চতর শিক্ষার জন্য হেমচন্দ্র গঙ্গোপাধ্যায় স্মারক বৃত্তিবাবদ ২০০০ টাকা দেওয়া হয়েছে।

বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদ ধীরে ধীরে এইভাবে তার কর্ম পরিধি বাড়াবার চেষ্টা করে চলেছে। কিন্তু কাজের বহর বাড়ানো আমাদের লক্ষ্য নয়। আমরা চাই, স্বামীজীর ভাবাদর্শ আরও বেশী করে নতুন প্রজন্মের কাছে পৌঁছে যাক। আমাদের স্মৃতির সোনার সিংহাসনে আসীন আমাদের বিদ্যামন্দির তার নতুন কালের কারিগরদের কাছে যেন সেইভাবেই ফুটে ওঠে—এই আমাদের প্রার্থনা।

**মনোজ কুমার ভট্টাচার্য**
(সম্পাদক, প্রাক্তনী সংসদ)

## News from the Vidyamandira
### (From June 2007 to Dec. 2007)


Vidyamandira, as usual throughout the year, was vibrant with various activities during the period under review. A brief outline of such activities is given below.

**National Seminar in Economics :** A UGC sponsored national seminar on "Trade, Liberalisation and Its Impacts on the Indian Economy" was organised by the Department of Economics on 25th August. Professor Sugata Marjit, Driector, Centre for Studies in Social Sciences, Kolkata, delivered the Key-note address. Other distinguished speakers were Prof. Biswajit Dhar, Centre for W. T. O. Studies, New Delhi; Dr. Subhendu Dasgupta, former Reader, University of Calcutta; Dr. Saradindu Bhaduri, J.N.U., Delhi and Prof. Rajat Acharyya, Jadavpur University.

**Seminar of the Bengali Department :** The Bengali Department in collaboration with Sahitya Akademi, Eastern Region, organised a day-long seminar on "The Bengali and the Hindi Literature : A Comparative Study" on 9 November, 2007. Dr. Ramkumar Mukhopadhyay, Secretary, Eastern



সদ্‌ভাবনা দিবস উৎযাপন





শারদোৎসবে ছাত্রাবাসকর্মীদের নাটক

Region, Sahitya Akademi; Dr. Subrata Lahiri, formerly Head of the Department in Hindi, Presidency College; Prof. Indranath Chowdhury, Director, Bharatiya Bhasa Parishad; Dr. Tanuja Majumdar, Head of the Department in Hindi, Presidency College, Dr. Rinku Ghosh, Lady Brabourne College; Dr. Soma Bandyopadhyay, Sri Sikshayatan College, Dr. Debjit Bandyopadhyay and Prof. Amarnath Sharma, C.U., delivered their speeches.

**Interstate Excursion :** More than 35 students of 3rd yr. under the guidance of Sw. Tyagarupanandaji (Principal) and Br. Vinay Maharaj (Sree Bhavan Superintendent) went to Vizag, Araku Valley and other neighbouring spots during the last week of July. In the month of September-October four departments (Bengali, Philosophy, Histoty & Microbiology) went for excursion. Teachers and students of Bengali Dept. visited Varanasi and they could arrange for a half-day seminar at the Bengali Dept., BHU as a part of academic exchange programme. Teachers and students of Philosophy Dept. went to Puri and they also had a same type of programme at the Nyaya Dept. of Sri Jagannath Sanskrit University. Puri was also visited by the teachers and students of History Dept. They met with Archaeological Survey of India, Bhubaneswar Circle, where

বঙ্কিম পুরস্কারের
সাহিত্য একাডেমি
প্রাক্তনী রামকু
(১৯৭৩-৭৬)
একাডেমি কর্তৃক
(২০০৭)-এ স
একালের উল্লেখ
হিসেবে ইতিম
রামকুমারবাবু ত
উপন্যাসটির জন
করলেন। তাঁর এই
সম্মানি



**প্রকাশনা সংবাদ**

বিদ্যামন্দিরের প্রাক্তনী, অধুনা বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাজা প্যারীমোহন কলেজ, উত্তরপাড়া—গোপীনাথ দত্তের (১৯৬৪-৬৭) ভ্রমণকাহিনী—"ঘুরে এলাম ইউরোপ আমেরিকা" প্রকাশিত হয়েছে। অনাড়ম্বর সারল্য, তথ্যনির্দেশ ও দিনপঞ্জীর ভঙ্গিমা এই বই-এর প্রধান বৈশিষ্ট্য।

বে ছাত্ররা



শারদোৎসবে শিক্ষক মহাশয়দের নাটক

an interesting interaction with the archeologists enriched the students. Teachers and students of Microbiology Dept. visited Deoghar. In the month of December teachers and students of Economics Dept. went to Ranchi and visited the KVK and other rural development projects of the Ranchi Centre of the Ramakrishna Mission.

সম্মানিত প্রাক্তনী
র পূর্বাঞ্চলীয় সচিব
ার মুখোপাধ্যায়
শ্চিমবঙ্গ বাংলা
দত্ত বঙ্কিম পুরস্কার
ানিত হয়েছেন।
াগ্য কথাসাহিত্যিক
ধ্যেই সুপরিচিত
র 'দুখে কেওড়া'
এই পুরস্কার লাভ
স্বীকৃতি আমাদেরও
করল।

**Students' Achievement :** Rudra Sekhar Basu, a student of 2nd year Pol. Science Hons. secured first position in an intercollege debate competition held on 14 Aug. at Jadavpur University. Rudra also secured 2nd rank in All India Elocution Competition held at RKM Institute of Culture, Golpark in the 2nd week of December.

**Sadbhavana Celebration :** On 17.09.2007, a function was organised in which Fr Joseph Pathickal, Principal, Don Bosco, Liluah, addressed the audience. The wall-magazine "Sadbhavana" was also inaugurated by him.

**Campus Interview :** A campus interview was conducted on 5 Dec. by Tata Consultancy Service (TCS) for the students of science stream to be graduated in 2008. Twenty students were selected by them.

**Biennial Exhibition :** The biennial exhibition was held for four days from 20th to 23rd Dec. 2007. 15 Departments/ Sections participated in the exhibition. Prof. Arup Kumar Roychowdhuri, Director, S. N. Bose National Centre for Basic Sciences, presided over the inaugural meeting. Sri Sabyasachi Roy, Special Secretary, Higher Education Dept., Govt. of West Bengal, was the Chief-Guest. Inspite of shortage of time for preparation due to a tight class test schedule, the exhibition could reach a remarkable height and attract satisfactory media coverage.

**Blood Donation Camps :** Two Voluntary blood donation camps were organised during the period under report on 29 September and 7 October. As many as 140 students donated blood in the two camps. Blood was collected by Ramakrishna Mission Sevapratisthan and Haemophilia Society.


**First-aid Training Programme :** The programme was organised in two phases by the Indian Academy of Health and Hygiene. The training was compulsory for the N.S.S. volunteers of the 1st Year class. Altogether 175 students were given the training and were provided certificates.



**Camups Interview-তে TCS**



স্মারক বক্তৃতায় ডঃ পুষ্পা মিশ্র



অডিও-সি. ডি.

বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৬৯-৭৩), বর্তমানে বিদ্যামন্দিরের অর্থনীতি বিভাগের প্রধান অধ্যাপক তপন কুমার ঘোষের "ভুলেছি মা তোরে তারা" শীর্ষক দশটি ভক্তিসঙ্গীতের একটি অডিও সি. ডি. এবার শারদোৎসবে সারদাপীঠ থেকে প্রকাশিত হয়েছে। সঙ্গীত রচনা এবং সুর—স্বামী প্রত্যয়ানন্দজী (বিভূতি মহারাজ) সঙ্গীত আয়োজন করেছেন আর এক প্রাক্তনী বিদ্যামন্দিরের অংশকালীন অধ্যাপক গৌতম মুখোপাধ্যায়।

**Important Seminar Talks and Special Lectures :**

| Date | Topics | Speaker |
|---|---|---|
| 04.07.2007 | Vidyamandira : The Dream of Swami Vivekananda (Foundation Day Lecture) | Swami Shivamayananda, Trustee and Governing Body Member, R. K. Math & R. K. Mission. |
| 14.07.2007 | Eco-System and Bio-diversity of the Himalaya (Lecture with slide show) | Sri Dwijendra Nath Bhattacharyya, UBI, Belur Math branch. |
| 21.07.2007 | Forensic Science and Its Use in Crime Detection | Dr. Nirmal Nath, Former Director, Forensic Dept., Govt. of W. B. |
| 15.08.2007 | Contribution of Josephine Macleod towards the Ramakrishna-Vivekananda Movement (Rani Rasmoni Memorial Lecture) | Swami Ritananda, R. K. Mission Institute of Culture, Golpark |
| 17.08.2007 | Classifying Low-dimensional Manifolds | Dr. C. S. Aravinda, TIFR, Bengalore. |
| 28.08.2007 | Amar Lekhalekhi (Special Invited Lecture) | Dr. Ramkumar Mukhopadhyay, Secretary, Eastern Region, Sahitya Akademi |
| 01.09.2007 | Sri Ramakrishna o Bharatiya Sanskritir Oitihya (Sw. Tejasananda Memorial Lecture) | Swami Mumukshananda, President, Ramakrishna Math, Bagbazar. |
| 14.09.2007 | R &D in Polymer Industry | Dr. Tarak Ranjan Gupta, Analyst, R & D Section, G. E. Chemicals, Bangalore |
| 29.09.2007 | Entry Regulation : Some New Perspectives. | Dr. Arghya Ghosh, School of Economics, University of New South Wales, Australia |
| 06.10.2007 | Mental Problems & Their Solutions (Ambica Sarkar & Jadunath Majumdar Memorial Lecture) | Dr. Puspa Mishra, Former Principal, Bethune College, Kolkata |
| 26.11.2007 | Synthetics and Application of Metal Nanoparticles | Dr. Tarasankar Pal, Dept. of Inorganic Chemistry, IIT, Kharagpur |
| 30.11.2007 | Toeplitz Operators on the Bergman Space of the Unit Disk. | Prof. N. V. Rao, University of Toledo, Ohio, U.S.A. |
| 06.12.2007 | Coin as a Source Material of History | Dr. Anup Kumar Mitra |

**Synopsis of the University Results :**

**1. B.A./B.Sc., Part II Final Examination published on 23rd July 2007**

| Subject | First Class (60% & above) in Pt-I & II put together) | Second Class (Below 60% but not less than 50% in Pt-I & II ) | Second Class (Below 50% but not less than 40% in Pt-I & II ) | Total Appeared | C. U. Ranks (Within first 10) |
|---|---|---|---|---|---|
| Physics | 15 | 1 | 0 | 16 | 4, 10 |
| Chemistry | 24 | 2 | 0 | 26 | 1, 2, 4, 6, 8(Jt.), 8(Jt), 9 |
| Mathematics | 8 | 3 | 2 | 13 | 1, 2, 3, 5, 6 (Jt.) |
| Economics | 3 | 3 | 2 | 8 | |
| Political Science | 0 | 4 | 4 | 8 | |
| History | 1 | 5 | 0 | 6 | |
| Philosophy | 2 | 3 | 0 | 5 | |
| Sanskrit | 9 | 2 | 0 | 11 | 1, 4, 5, 10 |
| English | 0 | 8 | 0 | 8 | |
| Bengali | 0 | 6 | 2 | 8 | 10 |
| Comp. Appl. | 5 | 0 | 0 | 5 | |
| Ind. Chem. | 4 | 0 | 0 | 4 | |
| **Total** | **71** | **37** | **10** | **118** | |

**2. B.A./B.Sc., Part-II [under 1+1+1 (old system)] published on 26 November 2007**

| Subject | First Class (60% & above) in Pt-I & II put together) | Second Class (Below 60% but not less than 50% in Pt-I & II ) | Second Class (Below 50% but not less than 40% in Pt-I & II ) | Failed/ RW/ Dropped | Total Appeared | C. U. Ranks (Within first 10) |
|---|---|---|---|---|---|---|
| Mathematics | 11 | 5 | 2 | 2 | 20 | 1,2,3,4,9,10 |
| Philosophy | 5 | 4 | 1 | — | 10 | 1,8 |
| History | 2 | 7 | 1 | — | 10 | 2 |
| Chemistry | 24 | 2 | 1 | — | 27 | 3,5,8,10 |
| Sanskrit | 9 | 3 | — | — | 12 | 3,4,10 |
| Physics | 20 | 9 | — | — | 29 | 10 |
| Political Science | — | 9 | — | — | 9 | 10 |
| Economics | 11 | 8 | 2 | — | 21 | — |
| English | 1 | 9 | 2 | — | 12 | — |
| Bengali | — | 16 | 1 | — | 17 | — |
| Industrial Chemistry | 10 | — | — | — | 10 | — |
| Computer Application | 7 | 3 | — | — | 10 | — |
| **Total** | **100** | **75** | **10** | **2** | **187** | |

**3. B.A./B.Sc., Part-I [under 1+1+1 (new system)] published on 26 November 2007**

| Subject | First Class (60% & above) in Pt-I & II put together) | Second Class (Below 60% but not less than 50% in Pt-I & II ) | Second Class (Below 50% but not less than 40% in Pt-I & II ) | Failed/ RW/ Dropped | Total Appeared | C. U. Ranks (Within first 10) |
|---|---|---|---|---|---|---|
| Political Science | 5 | — | — | — | 5 | 1,3,4,5,8 |
| Chemistry | 25 | 3 | 1 | — | 29 | 2,3,4,5,8 (two) |
| Mathematics | 17 | — | — | — | 17 | 2,5,7,8 |
| Philosophy | 2 | 5 | 1 | — | 8 | 2, 8 |
| Physics | 24 | 1 | 1 | 1 (Dropped) | 27 | 5 (two), 8, 9 |
| Microbiology | 2 | 10 | — | — | 12 | 5 |
| Economics | 6 | 8 | 2 | — | 16 | 8, 9 |
| Sanskrit | 4 | 3 | — | 2 (Absent) | 9 | 6, 9 |
| History | 1 | 9 | 1 | — | 11 | — |
| English | 2 | 6 | — | 2 (Absent) | 10 | — |
| Bengali | 3 | 10 | — | — | 13 | — |
| Industrial Chemistry | 8 | — | — | — | 8 | — |
| Computer Application | 6 | 2 | — | — | 8 | — |
| **Total** | **105** | **57** | **6** | **5** | **173** | |

**Teachers' Colloquia :**

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 11.07.2007 | Application of Software in Bangla & Future Trend in Application of Computer. | Prof. Manoj Moitra, Formerly of Dept. of Mechanical Engg. J. U. |
| 18.08.2007 | Economic Ideas of Swami Vivekananda | Br. Mahendra Chaitanya, Dept. of Economics, Vidyamandira. |
| 13.09.2007 | Cryptology in Defence Research | Prof. Bimal Roy, Dean of Studies, I.S.I., Kolkata |
| 01.12.2007 | Bengal Discovery | Prof. Ashoke Basu, Emeritus Professor, California State University, U. S.A. |

**Tapan Kr. Ghosh**, Head of the Dept. of Economic, RKM Vidyamandira




পুরস্কার বিতরণ অনুষ্ঠান, বিবেকানন্দ সম্মেলন, পুরুলিয়া



জেলাস্তরের দৌড় প্রতিযোগিতা

## বিবেকানন্দ সম্মেলন, পুরুলিয়া জেলা

এবারের বিবেকানন্দ সম্মেলন হল পুরুলিয়া জেলায়। রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ, পুরুলিয়া এবং কল্যাণ-এর সহায়তায় জেলাকে পাঁচটি অঞ্চলে ভাগ করা হয়েছিল—পুরুলিয়া সদর, ঝালদা, রঘুনাথপুর, গোপালনগর ও বান্দোয়ান। আঞ্চলিক পর্যায়ের পর জেলাস্তরের প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল ৯ ডিসেম্বর ২০০৭ তারিখে পুরুলিয়ার রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ ও কল্যাণের চত্বরে। বিভিন্ন আঞ্চলিক আহ্বায়কদের পেশ করা প্রতিবেদন অনুযায়ী এবারের সম্মেলনে সমস্ত অঞ্চল মিলিয়ে মোট ৯৫টি বিদ্যালয় এবং ১৩৬৯ জন প্রতিযোগী অংশ নিয়েছে। এই সম্মেলন উপলক্ষে একটি স্মরণিকাও প্রকাশ করা হয়েছে। রামকৃষ্ণ-সারদাদেবী-বিবেকানন্দ সম্পর্কিত প্রবন্ধাবলী ছাড়াও এতে রয়েছে পুরুলিয়া জেলার লোকসংস্কৃতি-ইতিহাস-ঐতিহ্য সংক্রান্ত কয়েকটি লেখা।

অনুষ্ঠানের একেবারে শেষ পর্যায় অনুষ্ঠিত হল বিগত ৬ জানুয়ারি ২০০৮-এ রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ প্রাঙ্গণে পুরস্কার বিতরণ অনুষ্ঠান, যুব সম্মেলন ও শিক্ষক সম্মেলন-এর মাধ্যমে। সমগ্র দিনের কার্যসূচীকে দুই পর্বে বিন্যস্ত করা হয়। প্রথম পর্বে রাখা হয় পুরস্কার বিতরণ ও যুব সম্মেলন। জেলার বিভিন্ন প্রান্ত থেকে সহস্রাধিক যুব প্রতিনিধি এতে যোগদান করে। বিদ্যাপীঠের মুক্ত মঞ্চে বৈদিক মন্ত্রোচ্চারণের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠান। উদ্দীপনাময় ভাষণ রাখেন আশ্রমের সম্পাদক শ্রীমৎ স্বামী আত্মপ্রভানন্দজী মহারাজ ও এই সম্মেলনের সম্পাদক শ্রী স্বপন ব্যানার্জী। পুরস্কার বিজেতাদের মধ্যে কয়েকটি বিষয়ের প্রথম স্থানাধিকারীরা আবৃত্তি, বক্তৃতা ইত্যাদি পরিবেশন করে। স্বামীজীর বাণী ও যুবজীবনে তার প্রয়োজন সম্পর্কিত চমৎকার বক্তব্য রাখেন কয়েকটি অঞ্চলের যুবক-যুবতীরা। বক্তব্য রাখেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী ত্যাগরূপানন্দজী ও উপাধ্যক্ষ স্বামী শাস্ত্রজ্ঞানন্দ। সংসদ-সম্পাদক শ্রী মনোজ কুমার ভট্টাচার্যও সংক্ষিপ্ত ভাষণ দেন। আশ্রমের সম্পাদক স্বামী আত্মপ্রভানন্দজী মহারাজ এরপর প্রকাশ করেন বিবেকানন্দ সম্মেলন স্মরণিকা। স্থানীয় জে কে কলেজের অধ্যক্ষ শ্রী শ্রীনিবাস মিশ্র মহাশয় অতঃপর তাঁর সুচিন্তিত বক্তব্য রাখেন। উদ্দীপনাময় সঙ্গীত পরিবেশন করে বিদ্যাপীঠের ছাত্রবৃন্দ। পুরস্কার বিতরণের মধ্য দিয়ে শেষ হয় অনুষ্ঠান। প্রায় ১৫০০ জন দুপুরের প্রসাদ গ্রহণ করেন। দ্বিতীয় পর্বে ছিল বিবেকানন্দের শিক্ষাচিন্তার আলোকে মূল্যবোধভিত্তিক শিক্ষার উপরে একটি শিক্ষক সম্মেলন। সর্বমোট ১২৯ জন শিক্ষক প্রতিনিধি এতে অংশ নেন। শিক্ষক সম্মেলনে স্বাগত ভাষণ দেন স্বামী ত্যাগরূপানন্দজী মহারাজ। এ ছাড়াও বক্তব্য রাখেন স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, নিস্তারিণী কলেজের অধ্যক্ষা শ্রীমতী নীলিমা সিন্‌হা, পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের শিক্ষক শ্রী শক্তিপ্রসাদ মিশ্র মহাশয় এবং কয়েকটি বিদ্যালয়-মহাবিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিবৃন্দ। সংক্ষিপ্ত প্রশ্নোত্তরের পর স্বামীজীর 'শিক্ষাপ্রসঙ্গে' বই এবং শংসাপত্র বিতরণের মধ্য দিয়ে সম্মেলনের সমাপ্তি ঘোষিত হয়। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে জেলাস্তরে যেসব পুরস্কার দেওয়া হয়েছে তার ব্যয়ভার বহন করেছেন ভোলানাথ দাস স্মারক নিধি। এই সংস্থাকে আন্তরিক ধন্যবাদ জানাই।

তবু এহ বাহ্য। লক্ষ্য রাখতে হবে, যাতে আয়োজনের আর উৎসবের উচ্ছ্বাসে আমরা স্বামীজীর স্বপ্ন-দেখানো মানুষ হওয়া আর মানুষ করার কাজ থেকে দূরে সরে না যাই। তাঁর বাণী আমাদের সবার মধ্যে সেই আগুন জ্বালাক, যা দুর্যোগ আর নিরাশার ক্লান্ত রাত্রির মধ্যেও আমাদের শোনাবে নতুন কালের উদয়দিগন্তে পৌঁছে যাওয়ার উজ্জীবন-মন্ত্র।

**স্বামী শাস্ত্রজ্ঞানন্দ** [উপাধ্যক্ষ (কার্যনির্বাহী), বিদ্যামন্দির]

**প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী**

**আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ অধ্যাপক নিত্যনিরঞ্জন কুণ্ডু**

**সদস্যবৃন্দ ঃ ডঃ বিশ্বনাথ দাস, অধ্যাপক তপন কুমার ঘোষ, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ**

প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ ডঃ সুব্রত গাঙ্গুলি (প্রাক্তনী), ডাঃ ধীমান গাঙ্গুলি (প্রাক্তনী)

**BOOK POST**

PRINTED MATTER

If undelivered, please return to :
Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202
E-mail : alumnividyamandira@gmail.com

Published by Manoj Kumar Bhattacherjee, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association
Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Phone : 2654-3536